# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ জামায়াত ও মাজহাব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ধর্ম নিরপেক্ষ বাদী কি মুসলিম থাকতে পারে?

উক্ত প্রশ্নটি ‘নির্দল কি কমিউনিস্ট পার্টির লোক’ - এর মতো। যে নির্দল, সে কোন দলের হতে পারে না। অবশ্য নির্দল কোন নির্দিষ্ট দল হলে হতে পারে। অনুরূপ ধর্ম নিরপেক্ষ বা ধর্মহীন যে, সে মুসলিম থাকতে পারে না। বরং কোন ধর্মেরই হতে পারে না। তবে ধর্মহীন মানবতাবাদী হতে পারে। এ হল আসল অর্থে। অবশ্য যদি কেউ ইসলামে বিশ্বাস রেখে ‘রাজনীতিতে ধর্মের স্থান নেই’ বলে, তাহলে তার বিধান ভিন্ন। কিন্তু সে যদি ‘সব ধর্ম সমান’ বলে, তাহলে সে মুসলিম থাকতে পারে না। কারন মহান আল্লাহ বলেন,

“নিশ্চয় ইসলাম আল্লাহর নিকট (একমাত্র মনোনীত) ধর্ম।” (আলে ইমরানঃ ১৯)

যে কেউ ইসলাম ছাড়া অন্য ধর্ম অন্বেষণ করবে, তার পক্ষ হতে তা কখনো গ্রহণ করা হবে না। আর সে হবে পরলোকে ক্ষতিগ্রস্তদের দলভুক্ত ।(আলে ইমরানঃ ৮৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2307

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন